# বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ

১৪১-১৪৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

তারিখঃ ০৮/০৬/২০২৬খ্রিঃ

**দপ্তর আদেশ নং-৯৬৬/২০২৬**

যেহেতু, জনাব মোঃ আবুল কালাম, উর্ধ্বতন মাষ্টার পাইলট, নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ, বিআইডব্লিউটিএ, চট্টগ্রাম এবং স্থায়ী ঠিকানাঃ পিতাঃ মৃত-আব্দুল হামীদ, গ্রামঃ দীঘলগাঁও, পোঃ আনন্দপুর কলেজ, থানাঃ আদর্শ সদর, জেলাঃ কুমিল্লা এর বিরুদ্ধে ১,৯২,০০,০০০/-(এক কোটি বিরানব্বই লক্ষ) টাকা আত্মসাতের অভিযোগে জনৈক জনাব আবুল হাসেম কর্তৃক চীফ জুডিসিয়াল ম্যাজিষ্ট্রেট আদালত, কুমিল্লায় পেনাল কোডের ৪০৬/৪২০/১০৯ ধারা অনুযায়ী সি.আর মামলা নং-৬৬৭/২৫ (বুড়িচং) দায়ের করা হয়; যেহেতু, এ মামলায় তিনি গত ০৪/১১/২০২৫খ্রিঃ তারিখ গ্রেফতার হয়ে জেল হাজতে অন্তরীণ হন এবং বিজ্ঞ আদালতের রায়ে গত ১০/১১/২০২৫খ্রিঃ তারিখ হতে অন্তবর্তীকালীন জামিনে আছেন; যেহেতু, এ প্রেক্ষিতে কর্তৃপক্ষের দপ্তর আদেশ নং-২১৩১/২০২৫; তারিখঃ ১৩/১১/২০২৫খ্রিঃ দ্বারা বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৪১(৫) প্রবিধান অনুসারে কর্তৃপক্ষের চাকুরী হতে তাকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

যেহেতু, জনাব মোঃ আবুল কালাম, উর্ধ্বতন মাষ্টার পাইলট(সাময়িক বরখাস্তকৃত) এর উর্পযুক্ত কার্যকলাপে কর্তৃপক্ষের সুনাম ক্ষুন্ন হয়েছে, যা বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী শৃংখলা বিধির পরিপন্থি এবং বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৩৫(খ) প্রবিধান অনুসারে "অসদাচরণ" এর অর্ন্তভুক্ত হওয়ায় কর্তৃপক্ষের স্মারক নং-১৮.৭০৭.০৪৭.০০.০০.৩৩০.২০২৫/৩২৪; তারিখঃ ১৮/১২/২০২৫খ্রিঃ দ্বারা অভিযোগনামা জারীর মাধ্যমে বিভাগীয় মামলা রুজু করা হয়; যেহেতু, তিনি অভিযোগনামার জবাব প্রদান না করায় বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৩৯(৩) অনুযায়ী বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৩৯(২) (গ) মোতাবেক অভিযোগ তদন্তের নিমিত্ত কর্তৃপক্ষের দপ্তর আদেশ নং-২৩৪/২০২৬; তারিখঃ ০৫/০২/২০২৬খ্রিঃ দ্বারা জনাব মোঃ নাহিদ বিন ইসলাম, উপ-পরিচালক, অর্থ বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা-কে তদন্ত কর্মকর্তা হিসেবে নিযুক্ত করা হয়;

যেহেতু, জনাব মোঃ আবুল কালাম, উর্দ্ধতন মাষ্টার পাইলট (সাময়িক বরখাস্তকৃত), নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ, বিআইডব্লিউটিএ, চট্টগ্রাম এর বিরুদ্ধে দায়েরকৃত চীফ জুডিসিয়াল ম্যাজিষ্ট্রেড আদালত, কুমিল্লায় পেনাল কোডের ৪০৬/৪২০/১০৯ ধারা অনুযায়ী সি.আর মামলা নং-৬৬৭/২৫ (বুড়িচং) এর শুনানীঅন্তে মাননীয় আদালত কর্তৃক গত ২৫/০২/২০২৬খ্রিঃ তারিখ তাকে মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তা কর্তৃক গত ০৫/০৫/২০২৬খ্রিঃ তারিখ চেয়ারম্যান মহোদয় বরাবর তদন্ত প্রতিবেদন দাখিল করা হয়; যেহেতু, তদন্ত প্রতিবেদনে ফৌজদারি মামলাটি নিস্পত্তি হলেও জনাব মোঃ আবুল কালাম পারিবারিক ব্যবসায়িক দ্বন্দে জড়িয়ে জেলহাজতে যাওয়ার ফলে কর্তৃপক্ষের ভাবমূর্তি ক্ষুন্ন হয়েছে মর্মে উল্লেখ করা হয়;

যেহেতু, জনাব মোঃ আবুল কালাম, উর্দ্ধতন মাষ্টার পাইলট (সাময়িক বরখাস্তকৃত) এর বিরুদ্ধে দায়েরকৃত ফৌজদারী মামলাটি মাননীয় আদালত কর্তৃক প্রত্যাহার হওয়ায় কর্তৃপক্ষের বিভাগীয় মামলায় গঠিত তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের সুপারিশের আলোকে কর্তৃপক্ষের বিজ্ঞ আইন উপদেষ্টার মতামতে উল্লেখ করা হয় যে, উক্ত মামলার সকল দায় হতে তাকে অব্যাহতি প্রদান করা হয়েছে বিধায় জনাব মোঃ আবুল কালাম এর বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলা নিস্পত্তি করতঃ তার সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার করা যেতে পারে;

যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং কর্তৃপক্ষের বিজ্ঞ আইন উপদেষ্টার মতামতসহ নথি চেয়ারম্যান মহোদয় বরাবর উপস্থাপন করা হলে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক তদন্ত প্রতিবেদন, মাননীয় আদালতের রায়, কর্তৃপক্ষের বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত এবং অন্যান্য রেকর্ডপত্র পরীক্ষান্তে জনাব মোঃ আবুল কালাম, উর্দ্ধতন মাষ্টার পাইলট (সাময়িক বরখাস্তকৃত), নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ, বিআইডব্লিউটিএ, চট্টগ্রাম এর প্রতি সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার এবং সাময়িক বরখাস্তকালীন সময়কে কর্মকাল হিসেবে গণ্য করে বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৩৬(১) (অ) (ক) প্রবিধান মোতাবেক **"তিরস্কার"** লঘু দন্ড আরোপ করে বিভাগীয় মামলার সকল কার্যক্রম নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব মোঃ আবুল কালাম, উর্দ্ধতন মাষ্টার পাইলট, নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ, বিআইডব্লিউটিএ, চট্টগ্রাম এর প্রতি সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার এবং সাময়িক বরখাস্তকালীন সময়কে কর্মকাল হিসেবে গণ্য করে বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৩৬(১) (অ) (ক) প্রবিধান মোতাবেক **"তিরস্কার"** লঘু দন্ড আরোপ করে বিভাগীয় মামলার সকল কার্যক্রম নিস্পত্তি করা হলো; তিনি একই পদে তার পূর্ববর্তী কর্মস্থল নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ, বিআইডব্লিউটিএ, চট্টগ্রাম কাজে যোগদান করবেন;

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

স্বাক্ষরিত
(মোঃ সাইফুল ইসলাম)
পরিচালক(প্রশাসন ও মানব সম্পদ)
বিআইডব্লিউটিএ।

নথি নং-১৮.৭০৭.০৪৭.০০.০০.৩৩০.২০২৫/৫৩৯

তারিখঃ ০২/০৬/২০২৬খ্রিঃ

অনুলিপি ঃ ( জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

০১। পরিচালক, হিসাব বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।
০২। পরিচালক, নিরীক্ষা বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।
০৩। পরিচালক, অর্থ বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।
০৪। পরিচালক, এস্টেট ও আইন বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।
০৫। পরিচালক, নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।
০৬। পরিচালক, আইসিটি বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
০৭। যুগ্ম-পরিচালক, নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ, বিআইডব্লিউটিএ, ~~ঢাকা~~। চট্টগ্রাম
০৮। সমন্বয় কর্মকর্তা, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বিআইডব্লিউটিএ, ঢাকা।
০৯। সহকারী পরিচালক, হিসাব বিভাগ, বিআইডব্লিউটিএ, চট্টগ্রাম।
১০। ব্যক্তিগত সহকারী, সদস্য (পরিকল্পনা ও পরিচালন) মহোদয়ের দপ্তর, বিআইডব্লিউটিএ, ঢাকা।
১১। জনাব মোঃ আবুল কালাম, উর্দ্ধতন মাষ্টার পাইলট, নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ, বিআইডব্লিউটিএ, চট্টগ্রাম।
১২। বক্তিগত নথি।

02.06.2025

পরিচালক(প্রশাসন ও মানব সম্পদ)
বিআইডব্লিউটিএ।